[illegible]

[illegible], [illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 24 Nov 2024

**Application Deadline:**23 Dec 2024

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
## (সংস্থাপন শাখা)
**www.meherpur.gov.bd**

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৫.১১.০০৩.২৪.৫৪৬

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩১ / ২০ নভেম্বর ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০১৬.১৬-১৫ এবং ০৩ মার্চ ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০০১.২৪-২৬ সংখ্যক স্মারকদ্বয় এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ২৪.১০.২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৫১.০০৫.২৪-১২৩ (যুক্ত) সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর-এর সাধারণ প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | হিসাব সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ। |
| ২. | কপিস্ট | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ। |
| ৩. | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ। |
| ৪. | বেঞ্চ সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ। |

**আবেদনের শর্তাবলীঃ**

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. প্রার্থীকে নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে।

০৩. আবেদনপত্র চাকুরির নির্ধারিত আবেদন ফরমে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ২৩.১২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ে সরকারি ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসক, মেহেরপুর এর ওয়েবসাইটে www.meherpur.gov.bd জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ের সংস্থাপন শাখায় এবং www.forms.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৪. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫. প্রার্থীর বয়সসীমা ২৩.১২.২০২৪ খ্রি. তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬. আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা (০৩) তিন (কপি ৫×৫ সে:মি: আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

(চ) আবেদিত পদের জন্য ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১-এ ২০০.০০ (দুইশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ছ) প্রত্যেক প্রার্থীর জন্য পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সংবলিত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১ (এক)টি ১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি আকারের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭ নিয়োগের ক্ষেত্রে আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে/কোন রিট বা মামলা বিচারাধীন থাকে/কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমাণ বা প্রক্রিয়াধীন থাকে; তবে বিজ্ঞ আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮ নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯ চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০. সরকারি নীতিমালা মোতাবেক কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন ও সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১১. কোন তথ্য গোপন করে বা মিথ্যা তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণের সকল সনদ পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৩. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৫. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

20/11/2024

(সিফাত মেহনাজ)
জেলা প্রশাসক
মেহেরপুর
ফোনঃ ০২৪৭৭৭-৯২৩০১
dcmeherpur@mopa.gov.bd

ডিজি-১৯০৫/২৪ (১০″ × ৪)